# কৃষি ও স্বাস্থ্য বার্তা

১০তম বর্ষ,
৬৩তম সংখ্যা
মে, ২০২৩

COAST Foundation

উপকূলীয় সমন্বিত প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচি প্রকল্পের মাসিক বুলেটিন

*উপকূলীয় সমন্বিত প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচি (সাইটেপ) ২০০৩ সাল থেকে ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে উপকারভোগীদের Poultry and Livestock খাতে কারিগরি সহায়তা প্রদান করে আসছে। ক্ষুদ্রঋণ গ্রহীতারা সাধারণত কৃষি কাজ ও গবাদি পশু-পাখি পালনের সাথে সম্পৃক্ত। উপকারভোগীরা ঋণের বড় একটি অংশ (৭০%) বিনিয়োগ করেন কৃষি ও গবাদি পশু-পাখি পালন খাতে। ফসলের উৎপাদন বৃদ্ধি এবং গবাদি পশু-পাখি রক্ষা এবং জাত উন্নয়নের জন্য কোস্ট ফাউন্ডেশন মাঠ পর্যায়ে উপকারভোগীদের গবাদি পশু-পাখি বিষয়ক প্রশিক্ষণ প্রদান, উপকরন সহায়তা, টিকা কার্যক্রম, কৃমিনাশক সেবন ও চিকিৎসা সেবা প্রদান করে আসছে।*

## তীব্র গড়মে গরুর চর্ম রোগে আতঙ্কে খামারীরা

গত কয়েক বছর যাবৎ এ রোগ দেখা দিলেও এ বছর এ রোগের ব্যাপকতা বেশী বলে জানিয়েছেন জেলার লালমোহন উপজেলার কচুয়াখালী গ্রামের ফাতেমা বেগম। এ রোগে আক্রান্ত হলে প্রথমে তার চামড়া ফুলে ঘোটা ঘোটা ঘায়ের মতো হয়ে যায়। তারপড় জ্বর আসে। অনেক সময় গরুর সে স্থানে চামড়ায় ঘা হয়ে যায়, সে স্থানে প্রথমে পানি জমে। গরু গাছের সাথে বা অন্য কোন কিছুর সাথে চামড়া ঘষতে থাকে। এক পর্যায়ে চামড়ায় ফোসকা পড়ে ইফেকশন হয়ে যায়। চলতি বছরের ফ্রেব্রুয়ারী মাস থেকে এ রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছিল। অজানা এই রোগে গবাদিপশু আক্রান্ত হওয়ায় এক ধরনের আতঙ্কের মধ্যে আছেন স্থানীয় গরুর খামারীরা। জেলার লালমোহন উপজেলার উপ-সহকারী প্রানী সম্পদ কর্মকর্তা মোঃ বেলাল হোসেন জানান। প্রতি বছরই গড়মে গরুর এ ধরনের রোগ হয়ে থাকে তবে এ বছর একটু বেশি দেখা দিয়েছে। এ রোগ হতে গরুকে রক্ষা করতে হলে গরুকে একটু বেশি যত্ন নিতে হবে।



গরুর রোগ সনাক্ত করছেন সাইটেপ টেকনিক্যাল কর্মী মাকসুদুর রহমান, ছবি তুলেছেন শাখা ব্যবস্থাপক

গরুকে নিয়মিত গোছল করানো, শীতে গোয়াল ঘরের চারপাশে চট বা পর্দা দিয়ে দিতে হবে যাতে শীত না লাগে, আর গড়মের সময় গরুকে একটু বাতাসের ব্যাবস্থা করতে হবে যাতে কওে গরুর হায়ে ঠান্ডা লাগে তা হলে আর এধরনের রোগ হওয়ার সম্ভাবনা থাকে না। সব সময় গোয়াল ঘর পরিস্কার পরিচ্ছন্ন করে রাখতে হবে। আক্রান্ত স্থানে যাতে মশা-মাছি বসতে না পারে সে দিকে খেয়াল রাখতে হবে। এ বিষয়ে কোস্ট ফাউন্ডেশন সাইটেপ প্রকল্পের মাধ্যমে উঠান বৈঠকের মাধ্যমে খামারিদের কে সচেতনতা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন। আর এ পরামর্ম প্রদানে কারিগরি পরামর্ম ও সহযোগিতা করছেন স্থানীয় প্রানী সম্পদ অফিস

## গরুর দুধের টাকায় চলে রোকসানার সংসার

চকরিয়া উপজেলার পূব ভেওলা,নয়া পাড়া গ্রামের রোকসানা আকতার (৪০), স্বামী দিনমজুরী করে সংসার চালাতেন। তাতে সংসারের খরচ যোগার করে ছেলে মেয়েদের পড়া লেখার খরছ যোগোতে হিমশিম খেতে হতো। সাইটেপ কর্মীর পরামর্শে তিনি একটি উন্নত জাতের গাভী ক্রয় করে লালন



গাভীর যত্ন নিচ্ছেন, রোকসানা বেগম। ছবি তুলেছেন শাহাদাত হোসেন

পালন করেন , চলতি বছরের শুরুর দিকে একটি বাছর জন্ম দেন, প্রতি দিন গাভীটি ৮-১০ লিটার দুধ দেন তাতে গরুর খাদ্য খরছ সহ পরিবারের সংসার খরছ যোগান দিতে সহায়তা হচ্ছে। চলছে ছেলে মেয়ের পড়ালেখা। প্রতি দিন রোকসানা

নিজেই গাভীটির খাদ্য দেওয়া পরিচর্যা করেন। এদিকে গাভীর চিকিৎসা ও নিয়মিত টিকা প্রদান করছেন কোস্ট সাইটেপ টেকনিক্যাল কর্মী, আর এ টিকা প্রদানে সহযোগিতা করছেন স্থানীয় সরকারী প্রানী সম্পদ দপ্তর। বর্তমানে গাভীটি ডাকে এসেসে, এ গাভী দিয়েই রোবসানা একটি বড় আধুনিক ডেইরি খামার করার আসা ব্যক্ত করেছেন।

## টিকা কার্যক্রম

এপ্রিল'২৩ মাসে মোট ৭টি গবাদি পশুর টিকার ক্যাম্প করা হয়েছে। উক্ত ক্যাম্প গুলোতে মোট ৭৪৮ টি হাঁস ও মুরগি এবং ৬৫৪৫ টি ছাগল ও গুরুকে টিকা প্রদান করা হয়েছে। সাথে সাথে ৭৪ টি ছাগল ও গরুর টিকা নাশক দেওয়া হয়েছে। আর এ টিকা ক্যাম্পে টিকা গুলো সরবরাহ করেন স্ব স্ব স্থানীয় প্রানী সম্পদ দপ্তর।



হাঁস মুরগির টিকা প্রদান করছেন কোস্ট সাইটেপ টেকনিক্যাল কর্মী ইব্রাহিম। ছবি তুলেছেন, শাখা ব্যবস্থাপক, মোঃ শাহজাহান।

## প্রাথমিক স্বাস্থ্য সেবা কার্যক্রম

### স্বাস্থ্যই সকল সুখের মূল, উঠান বৈঠকেই মিলছে স্বাস্থ্য সেবা

কোস্ট ক্ষুদ্র ঋণ সমিতিতে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। উঠান বৈঠকে সমিতির নিয়ম শৃঙ্খলার পাশাপাশি গর্ববতী, প্রসুতি ও দুগ্ধদানকারী মায়ের যত্ন কিশোর কিশোরীদের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি, রোগ বালাইর আক্রমন থেকে রক্ষার কৌশল এবং সুষম খাদ্য নিয়ে আলোচনা করা হয়। তাছাড়াও মৌসুম ভিত্তিক আলোচনার পাশাপাশি চলমান সংকট পরিস্থিতি যেমন, করোনায় সচেতনতা, গর্ভবতী মায়ের চেকআপ,কিশোরীদের বয়সন্ধিকালের যত্ন, অপুষ্ঠি আক্রান্ত শিশু সনাক্ত করন সহ বিভিন্ন ধরনের সেবা প্রদান করছেন কোস্ট ফাউন্ডেশন। কোস্ট ফাউন্ডেশন কর্ম এলাকার বিভিন্ন দ্বীপে (চরাঞ্চলে) এ সেবা দিয়ে যাচ্ছে। এ সেবার আওতায় এপ্রিল'২৩ ইং মাসে মোট ৪৩ টি উঠান বৈঠক করা হয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নে স্বস্থ্য বিষয়ক পরামর্ম ও সহযোগিতা করছেন স্বাস্থ্য সেবা বিভাগ।



উঠান বৈঠকে স্বাস্থ্য বিষয়ক আলোচনা করছেন, স্বাস্থ্য কর্মী শ্যামল সৈদাল। ছবি তুলেছেন এলাকা ব্যবস্থাপক, এস এম হুমায়ুন কবির।

## ঘরে বসে পাচ্ছেন স্বাস্থ্য সেবা



স্বাস্থ্য কর্মী নুরুন্নার বেগম (৩৫) কে স্বাস্থ্য সেবা দিচ্ছেন। ছবি তুলেছেন শাখা ব্যাবস্থাপক।

কোস্ট ফাউন্ডেশেনের সহায়তায় কুতুবদিয়া বিভিন্ন গ্রামে বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবাকায্ক্রম চলমান রয়েছে। সেবাকর্যক্রমের আওতায় প্রতিদিনের মতো সেবা কমী যান সমিতিতে উঠান বৈঠক ও স্বাস্থ্য সেবা প্রধান করতে। মুরালিয়া গ্রামের নুরুন্নার (৩৫) কোস্ট সাইটেপ স্বাস্থ্য কমীকে যানান দীর্ঘ দিন ধরে কোমর ব্যাথায় ভুকছেন। এলাকার স্থানীয় পল্লী চিকিৎসকের পরামর্শে ঔষধ খাওয়ার পরেও কোন প্রতিকার পায়নি বলে যানান। গত ১২ মার্চ'২৩ ইং তারিখ নুরুন্নাহার কে প্রয়োজনীয় পরামর্শ ও চিকিৎসা সেবা প্রদান করেন। এখন নুরুন্নাহার পুরোপুরি সুস্থ্য। ঘরে বসে বিনা পয়সায় চিকিৎসা পেয়ে নুরুন্নাহর খুশি ও সন্তুস্টি প্রকাশ করেন। এভাবে শত শত নুরুন্নাহার সেবা পাচ্ছেন ঘরে বসে কোস্ট ফাউন্ডেশর প্রাথমিক স্বাস্থ্য সেবা কার্যক্রমের আওতায়।

*প্রকল্পের সহকর্মীবৃন্দের পাঠানো তথ্য ও ছবির ভিত্তিতে প্রস্তুতকৃত।*

*সার্বিক যোগাযোগের ফোন: ০১৭১৩৩৬৭৪১৬, ইমেইল mizan@coastbd.net*